



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'গ্রন্থ প্রকাশনা উৎসব' অনুষ্ঠিত উৎসবে 'প্রকাশনা উপকরণ বিক্রয় কেন্দ্র'-এর উদ্বোধন



৯ জানুয়ারি-২০১৮, মঙ্গলবার, সকাল ১০টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের আয়োজনে 'গ্রন্থ প্রকাশনা উৎসব' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এসময় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন করা হয়।

উৎসবে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বিশেষ অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বক্তব্য প্রদান করেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



অনুষ্ঠানে ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া'র সভাপতিত্বে এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান-এর সঞ্চালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন পাণ্ডুলিপি মুদ্রণ কমিটির আহ্বায়ক ও জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস।

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলম, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. সরকার আলী আককাস এবং লেখকদের মধ্যে মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা, ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ ইব্রাহীম খলিল, বাংলা বিভাগের সহকারী অধ্যাপক রাজিব মণ্ডল, মুদ্রণকারী প্রতিষ্ঠানের পক্ষে নবযুগ প্রকাশনার স্বত্বাধিকারী অশোক নন্দী বক্তব্য প্রদান করেন।

উৎসব শেষে প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে 'প্রকাশনা উপকরণ বিক্রয় কেন্দ্র'-এর উদ্বোধন করেন অধ্যাপক আবদুল মান্নান। এই বিক্রয় কেন্দ্রে



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রকাশনা বিক্রয় করা হবে। এসময় বিভিন্ন অনুষ্ঠানের দিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবারের প্রকাশনা উৎসবে মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা রচিত 'Social Identity, Individualism-Collectivism & Group Decision Making', ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ নুরুল আমিন রচিত 'রাসূলুল্লাহ (সা.) জীবন ও আদর্শের বিশ্বজনীনতা', ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ ইব্রাহীম খলিল রচিত 'সামাজিক সমস্যা সমাধানে ইসলামের বিধান: প্রেক্ষাপট বাংলাদেশ', বাংলা বিভাগের সহকারী অধ্যাপক রাজিব মণ্ডল রচিত 'শওকত আলীর ছোট গল্প: বিষয় উন্মোচন ও ভাষার অন্তর্দেহ' এবং নাট্যকলা বিভাগের প্রভাষক শামস্ শাহরিয়ার কবি রচিত 'পীর পাঁচালি ধারার নাট্য: বাগেরহাট জেলার গাজীর গান' প্রকাশিত গ্রন্থ স্থান পায়।